দৈনিক বাংলা

তারিখ ২৭/১০/৮১
পৃষ্ঠা ........ কলাম ........

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
# যশোর

বিজ্ঞপ্তি নম্বর/মা/পান/৬/৭২/১১৭৫(২৫০০) তারিখ ২৯-৯-৮১

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ১১-৩-৮২ তারিখে অনুষ্ঠিত হইবে (অনিবার্য কারণে পরবর্তী পর্যায়ে তারিখ পরিবর্তন করা না হইলে)। 136

১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় প্রত্যেক পরীক্ষার্থীকে প্রতি পত্রের (পার পেপার) জন্য ৯/- (নয়) টাকা হারে পরীক্ষার ফিস, ব্যবহারিক পরীক্ষার প্রতিপত্রের জন্য ৫/- টাকা হারে ফিস এবং নম্বর ফর্মের জন্য ১০/- টাকা হারে ফিস জমা দিতে হইবে।

২। কর্ম অভিজ্ঞতা বিষয়ের ব্যবহারিক পরীক্ষার জন্য সকল প্রকার (নিয়মিত, অনিয়মিত ও বিভাগ উন্নয়নসহ) পরীক্ষার্থী/পরীক্ষার্থিনীগণকে জনপ্রতি ৫/- টাকা হারে ফিস দাখিল করিতে হইবে।

৩। পরীক্ষাকেন্দ্র ফিস : (ক) যাহাদের ব্যবহারিক পরীক্ষা নাই তাহাদের প্রতিজনের জন্য টাঃ ১৫/- হারে (খ) যাহাদের মাত্র ১ (একটি) ব্যবহারিক পরীক্ষা আছে তাহাদের প্রতিজনের জন্য টাঃ ২০/- হারে এবং (গ) যাহাদের একাধিক পত্রের ব্যবহারিক পরীক্ষা আছে তাহাদের প্রতিজনের টাঃ ২৫/- হারে।

৪। ১৯৮২ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় ফিসসহ আবেদনপত্র নিম্নলিখিত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দফতরে অবশ্যই পৌঁছাইতে হইবে। (সর্ব শ্রেণীর জন্য)।

**ফিস দাখিলের সর্বশেষ তারিখ**

| পরীক্ষার নাম | বিলম্বিত ফিস ছাড়া | জনপ্রতি ১৫/- টাঃ হারে বিলম্বিত ফিসসহ |
|---|---|---|
| মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা, ১৯৮২ সাল | ১৭-১২-১৯৮১ | ২৪-১২-১৯৮১ |

৫। অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য জনপ্রতি ফিসের হার নিম্নরূপ :

| একই পরীক্ষায় উত্তীর্ণ পুরুষ ও মহিলা এবং পাকিস্তান প্রত্যাগত প্রার্থীদের জন্য | শিক্ষক, প্রতিরক্ষা বাহিনীর লোক (সশস্ত্র বাহিনীর লোক), বাংলাদেশ রাইফেলস, পুলিশ, অন্য, ফেল পাস প্রার্থীদের জন্য | বিভাগ উন্নয়ন প্রার্থীদের জন্য |
|---|---|---|
| ১। তালিকাভুক্তি ফিস =১৫/-<br>২। নিবন্ধন ফিস = ৮/-<br>৩। পরীক্ষার ফিস =৯০/-<br>(প্রতি পত্রের জন্য ৯/- টাকা হারে)<br>৪। নম্বর ফর্ম ফিস =১০/-<br>৫। কর্ম অভিজ্ঞতা ব্যবহারিক ফিস = ৫/-<br>মোট =১২৮/- | ১। তালিকাভুক্তি ফিস=১৫/-<br>২। নিবন্ধন ফিস = ৮/-<br>৩। ব্যবস্থাপনা ফিস = ৫/-<br>সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের প্রাপ্য।<br>৪। পরীক্ষার ফিস =৯০/-<br>(প্রতি পত্রের জন্য ৯/- টাঃ হারে)<br>৫। নম্বর ফর্ম ফিস =১০/-<br>৬। কর্ম অভিজ্ঞতা ব্যবহারিক ফিস = ৫/-<br>মোট =১৩৩/- | ১। তালিকাভুক্তি ফিস=১৫/-<br>২। নম্বর ফর্ম ফিস =১০/-<br>৩। অনিয়মিত ফিস =২০/-<br>৪। পরীক্ষার ফিস =৯০/-<br>(প্রতি পত্রের জন্য ৯/- টাঃ হারে)<br>৫। কর্ম অভিজ্ঞতা ব্যবহারিক ফিস = ৫/-<br>মোট =১৪০/-<br>তবে যাহাদের ব্যবহারিক পরীক্ষা আছে তাহাদের প্রতি পত্রের জন্য ৫/- টাঃ হারে ব্যবহারিক ফিস দিতে হইবে। |

৬। নিয়মিত, অনিয়মিত (প্রাইভেট) পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা ২১-১১-৮১ তারিখের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

৭। জনপ্রতি ৩০/- টাকা হারে ফিস এবং সম্প্রতি তোলা ও প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত ২ কপি ফটোসহ পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের জন্য নির্ধারিত ফর্মে আবেদন করিতে হইবে। পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের আবেদন গ্রহণের শেষ তারিখ ১৯-১-১৯৮২। অত্র বোর্ডের আওতাবহির্ভূত কোন স্থানে পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের জন্য জনপ্রতি ১০০/- টাঃ হারে ফিস দাখিল করিতে হইবে। নির্ধারিত তারিখের পরে পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের আবেদন বিবেচনার জন্য গৃহীত হইবে না। কোন অবস্থাতেই অনিয়মিত ও বিভাগ উন্নয়ন পরীক্ষার্থীদের (পুরুষ বা মহিলা) কেন্দ্র পরিবর্তন করা হইবে না।

৮। যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিবের (সেক্রেটারী) সপক্ষে কাটা যেকোন তফসিলী ব্যাংকের ড্রাফট মারফতেই শুধু ফিস গ্রহণ করা হইবে। নগদ অর্থে, মানিঅর্ডারযোগে পোস্টাল অর্ডার অথবা ট্রেজারী চালানের মারফত কোন ফিস গ্রহণ করা হইবে না। একবার গৃহীত ফিস কোন অবস্থাতেই ফেরত দেওয়া হইবে না।

৯। প্রত্যেক বিদ্যালয়ের নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসসহ আবেদন (এন্ট্রি ফরম) সংশ্লিষ্ট বিদ্যালয় হইতে নির্ধারিত তারিখের ভিতর অবশ্যই এক কিস্তিতেই পাঠাইতে হইবে। আবেদনপত্র (এন্ট্রি ফরম) নির্ধারিত তারিখ অথবা উহার পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর দফতরে পৌঁছাইতে হইবে; নির্দিষ্ট তারিখের পর কোন আবেদনপত্র কোন কারণেই বিবেচনার জন্য গৃহীত হইবে না।

১০। বিশেষ অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়ের ছাত্রদের আবেদনপত্র (এন্ট্রি ফরম) এর সহিত দুই কপি পাসপোর্ট সাইজ প্রত্যায়িত (এটাসড) ফটো অবশ্যই দাখিল করিতে হইবে এবং তৎসহ জনপ্রতি ১৫/- টাকা হারে তালিকাভুক্তি ফিস জমা দিতে হইবে।

ফল সংকলন পত্রীর সঙ্গে নম্বর ফর্ম প্রতি স্কুলে পাঠাইয়া দেওয়া হইবে।

উল্লেখ্য যে সকল প্রকার নিয়মিত ও অনিয়মিত (প্রাইভেট) পরীক্ষার্থী/পরীক্ষার্থিনীকে কর্ম-অভিজ্ঞতা (নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ডি—২৫৮০